

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৮৫(আগরতলা-০৬।০৩)

কৈলাসহর, ০৬ মার্চ, ২০১৯

গুরু বিদ্যা সিনহাকে কালীকিঙ্কর দেববর্মা স্মৃতি পুরস্কার

চন্ডিপুর ব্লকের জারুলতলীতে আজ গুরু বিদ্যা সিনহাকে তাঁর নিজ বাসভবনে আয়োজিত এক অনুষ্ঠানে কালীকিঙ্কর দেববর্মা স্মৃতি পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার তুলে দেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী সাত্ত্বনা চাকমা। পুরস্কার হিসেবে বিদ্যা সিনহার হাতে মানপত্র এবং ২১ হাজার টাকা তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে সংক্ষিপ্ত আলোচনায় সমাজকল্যাণমন্ত্রী বলেন, বিদ্যা সিনহা শুধু মণিপুরী সম্প্রদায়ের নয়, ত্রিপুরবাসীর গর্ব। তিনি বলেন, প্রতিটি জাতিগোষ্ঠীর নিজস্ব সংস্কৃতি বাঁচিয়ে রাখার জন্য রাজ্য সরকারের পাশাপাশি নিজেদেরও এগিয়ে আসতে হবে। ছোট ছোট জাতিগোষ্ঠীর উন্নয়নের মাধ্যমেই আমাদের রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে হবে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নীতিশ দে, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অরুণোদয় সাহা, কৈলাসহর মহকুমা শাসক ডা. বিশাল কুমার, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উপ-অধিকর্তা ডা. সঞ্জীব সিনহা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের উপ-অধিকর্তা দেবাশিস দাস, সমাজসেবী রঞ্জন সিনহা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন বিশিষ্ট সমাজসেবী বাবুলাল সিনহা। সভাপতিত্ব করেন বিশিষ্ট সমাজসেবী বিদ্যাভূষণ শর্মা। উল্লেখ্য, গত ২৮ ফেব্রুয়ারি আগরতলা বইমেলায় সমাপ্তি অনুষ্ঠানে অসুস্থতার কারণে উপস্থিত থাকতে না পারায় গুরু বিদ্যা সিনহাকে আজ তার নিজ বাসভবনে এই পুরস্কার তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*